ডক্টর টুমরো স্ট্রিপ

প্রিয় পাঠক

কম্পিউটার টুমরোর পাঠকদের মতে সবচেয়ে জনপ্রিয় বিভাগ 'ডক্টর টুমরো'তে আপনাদের স্বাগতম। এখানে আমরা কম্পিউটার সংক্রান্ত যে-কোনো সমস্যার সমাধান দেবার চেষ্টা করে থাকি। আপনি নবীন-প্রবীণ, পাঠক-অপাঠক, যে শ্রেণিতেই পড়েন না কেন ? সমস্যা পাঠাতে দ্বিধা করবেন না। আমাদের কাছে সমস্যা পাঠাতে হলে চিঠি, ফ্যাক্স, ই-মেইল ইত্যাদি যে-কোনো মাধ্যম বেছে নিতে পারেন। সমস্যাসমূহ অগ্রগামিতার ভিত্তিতে সমাধান দেয়া হয়। সুতরাং আপনার সমস্যাটি যতটা গুরুতর ততটা দ্রুত আমাদের কাছে পাঠিয়ে দিন। আর সেই সঙ্গে আপনাদের মতামত জানাতে ভুলবেন না। আমরা আপনাদের যে-কোনো মতামত বা চাহিদার সর্বাপেক্ষা গুরুত্ব দেব।

ডক্টর টুমরো টিম

ডক্টর টুমরো কো-অর্ডিনেটর

গাজী লেনিন

সদস্য

ফয়সাল তানভীর
মাজহারুল ইসলাম মিল্টন
সা'দ ইবনে আনোয়ার

আপনারা যারা চিঠি লিখে বা ফ্যাক্স করে সমস্যা জানাতে চান তাদের জন্য কয়েকটি জ্ঞাতব্য : আপনারা কাগজের একপাশে বোধগম্য, সহজ ভাষায়, যথাযথ মার্জিন রেখে কেবল সমস্যাটির সংক্ষিপ্ত কিন্তু পূর্ণ বিবরণ দিন।

খামের উপর অবশ্যই 'ডক্টর টুমরো" কথাটি থাকতে হবে। ভেতরে আপনার নাম, ঠিকানা আর প্রয়োজনবোধে ই-মেইল, ফোন নম্বর দিতে পারেন। ইমেইলে প্রচুর প্রশ্ন পাচ্ছি, কিন্তু অনেক ক্ষেত্রেই অগোছালো এবং অসম্পূর্ণ বিবরণসমৃদ্ধ। আপনারা চেষ্টা করবেন বাংলায় মেইল করার। সেক্ষেত্রে ওয়ার্ডের ফাইলকে অ্যাটাচ করে পাঠাবেন। আর আনকমন ফন্ট ব্যবহার করলে সেগুলোও অ্যাটাচ করে পাঠাবেন। অপ্রয়োজনীয় ছবি ব্যবহার করবেন না।

আমাদের ঠিকানা

ডক্টর টুমরো
কম্পিউটার টুমরো
অন্যদিন পাবলিকেশন্স
৬৯/এফ, গ্রীনরোড, ঢাকা-১২০৫
dtomorrow@hotmail.com

সমস্যা

প্রথমেই আমি এই পত্রিকার সকল কর্মীকে আমার শুভেচ্ছা জানাচ্ছি। এই পত্রিকাটির 'ডক্টর টুমরো' বিভাগটি আমার খুব প্রিয়। আমি আমার কয়েকটি সমস্যার কথা লিখছি, সমাধান দিলে উপকৃত হব।

▮ অনেক সময় CD-Drive-এ Video CD প্রবেশ করালে Audio CD লেখা ওঠে কেন ? এবং এর প্রতিকার কী ?

▮ আমি Windows 98 অপারেটিং সিস্টেম ব্যবহার করছি। আমি Windows 98 আবার Set up করতে চাচ্ছি অর্থাৎ C Format করতে চাচ্ছি। কিভাবে করতে হবে তা একটু বিশদভাবে লিখবেন।

মেহেদী হাসান
বগুড়া ক্যান্টনমেন্ট, বগুড়া।

সমাধান

Video CD-কে Audio CD হিসেবে দেখায় দুটি কারণে— যদি আপনার সিডি ড্রাইভ ভালোমানের না হয়ে থাকে অথবা বহু ব্যবহারে এর কার্যকারিতা কমে গিয়ে থাকলে। দ্বিতীয় কারণ হচ্ছে সিডিটি যদি ভালোমানের না হয়ে থাকে। আজকাল নিম্নমানের সিডিতে পাইরেটেড কন্টেন্ট দেদারসে বিক্রি হচ্ছে। অনেকক্ষেত্রে দেখা যায় VCD বা DVD প্লেয়ারসমূহ (স্ট্যান্ড-এ্যালোন টাইপেরগুলো) ওগুলোকে অনায়াসে বা স্বল্পায়াসে পড়তে পারে। প্রতিকার হচ্ছে ভালোমানের সিডি ব্যবহার করা এবং যদি সম্ভব হয় ভালো সিডি ড্রাইভ কেনা (যদি সিডি ড্রাইভেই সমস্যা থাকে)। অন্য একটি সমাধান হতে পারে আলাদাভাবে আজকাল যে VCD/DVD প্লেয়ার পাওয়া যায় সেগুলো TV-তে লাগিয়ে ব্যবহার করা। কম্পিউটারকে মামুলি গান শোনা, ছবি দেখার কাজে ব্যস্ত রাখার চেয়ে কমদামি এবং ঐ কাজের যন্ত্র ব্যবহার করে কম্পিউটারের আয়ুষ্কাল বাড়াতে পারেন।

সমস্যা

আমি কম্পিউটার টুমরোর প্রায় নিয়মিত একজন গ্রাহক। বর্তমানে আমি একটি কম্পিউটার ট্রেনিং সেন্টারেই ইন্সট্রাকটর হিসেবে দায়িত্ব পালন করছি। সেই প্রতিষ্ঠানে আমি যে পিসিটি ব্যবহারে করি সেটার কনফিগারেশন নিম্নে সংক্ষিপ্ত আকারে দেয়া হলো—

Genuine Intel x86 Family 15 Model 1 Stepping 3

128 MB RAM, 80 GB HDD, 1.77 GHz possessor (Celeron), MSI Motherboard.

আশা করা যায়, আপনারা এই কনফিগারেশন দেখে কিছুটাও হলে কম্পিউটারটির সম্বন্ধে অবগত হয়েছেন।

এখন সমস্যায় আসা যাক, ইদানীং আমার পিসিটির বেশকিছু সমস্যা দেখা দিয়েছে। সেসব সমস্যার মধ্যে উল্লেখযোগ্য কিছু সমস্যার বর্ণনা নিচে দেয়া হলো। আশা করা যায় আপনারা এর সঠিক উত্তর দিয়ে আমাকে চিরকৃতজ্ঞ করবেন।

● XP অপারেটিং সিস্টেম লোড করার নিয়মাবলি কী ? (পার্টিশন ছাড়া)

● আমি যে, XP Operating System লোড করতে চাই সেটি হচ্ছে— HP কোম্পানির Microsoft® Windows®XP Home SPI (Business Desktops) নামের সিডিটি। কিন্তু সেই সিডি কিংবা সিডির প্যাকেটে কোনো সিরিয়াল প্রোডাক্ট নম্বরে দেয়া নেই। তাই দয়া করে সঠিক সিরিয়াল প্রোডাক্ট নম্বরটি দিলে উপকৃত হব।

● জুন, ২০০৪ সংখ্যায় ডক্টর টুমরো বিভাগে 128MB র‍্যামের জায়গায় 96MB র‍্যাম নিয়ে একটি প্রশ্ন ছিল এবং তার সমাধানও আপনারা দিয়েছিলেন। মজার ঘটনা— সেই সমস্যার সাথে আমার সমস্যার প্রায় মিল ছিল। কিন্তু দুঃখের বিষয় আপনাদের নির্দেশনা অনুসরণ করেও কোনো লাভ হয় নি। পূর্বের মতোই 96MB RAM দেখাচ্ছে। এই বিষয়ে কিছু সমাধান দিলে উপকৃত হব। ধন্যবাদ-

হাসিব
hasib_godagari@yahoo.com

সমাধান

পার্টিশন ছাড়া বলতে কী বোঝাতে চেয়েছেন পরিষ্কার নয়। তবে আপনি যদি Dual Booting বা পাশাপাশি দুটি অপারেটিং সিস্টেম না রাখার মনস্থ করে থাকেন তাহলে, সহজ কথায় বলা যায়— আপনি এখন যে উইন্ডোজে আছেন তাতে মাই কম্পিউটারে XP-এর সিডি থেকে ইন্সটল করতে গেলে এটি আপনাকে দুটি অপশন দেবে। একটি আপগ্রেড, অন্যটি হলো ডুয়াল বুটিং বা ক্লিন ইন্সটল। আপগ্রেড হলো আপনার বর্তমান উইন্ডোজ ইন্সটলেশন সেটিং ব্যবহার করে এর ওপরেই এক্সপি ইন্সটল হয়ে যাবে। আর ডুয়াল বুটিং মোডে আপনি পাশাপাশি দুটি উইন্ডোজ রাখতে পারেন। ইন্সটলেশনের এক পর্যায়ে আপনাকে যে ড্রাইভে ইন্সটল করবেন তা পছন্দ করতে বলবে। যদি C: ড্রাইভে Win9x থাকে তাহলে D: ড্রাইভে XP ইন্সটল করুন।

প্রথমত আমরা নীতিগতভাবে কোনো সফটওয়্যারের সিরিয়াল বা প্রোডাক্ট-কী দেই না। দ্বিতীয়ত আপনার ভার্সনটি একটি এনহ্যান্সড বা বিশেষ সংস্করণ। যদি প্রোডাক্ট কী না পেয়ে থাকেন তাহলে এটি

হয়তো ইন্সটল করতে পারবেন না।

আপনি র‌্যাম ইন্সটলের ক্ষেত্রে মনে রাখবেন— সবগুলো একই কোম্পানির হলে ভালো হয়। আর মাদারবোর্ডের ও প্রসেসরের সাপোর্টেড স্পিডের তথা সবগুলো একই স্পিডের হওয়া বাঞ্ছনীয়। সমস্যা পেলে অন্য সিস্টেমে পরীক্ষা করে তারপর সবচেয়ে বড় মডিউলটি ১নং স্লটে অতঃপর তারচেয়ে যথাক্রমে কম-আয়তনের— এভাবে লাগান। অনেক সময় কোনো কোনো মাদারবোর্ড কোনো কোনো ব্র্যান্ডের র‌্যাম ঠিকমতো সাপোর্ট করে না। তবে সেসব অনেকটাই বিরল ঘটনা।

তাছাড়া আপনার এজিপি যদি বিল্টইন হয়ে থাকে তাহলে তো আপনার র‌্যাম থেকে ভিডিও র‌্যাম হিসেবে শেয়ার করবে এজিপিটি। সেক্ষেত্রেও র‌্যামের পরিমাণ কম দেখাতে পারে।

সমস্যা

আমি আমার কম্পিউটারটি ব্যবহার করছি ৪ বছর ধরে। আমার PC-তে PCcilin 2002 Antivirus ব্যতীত অন্যকোনো Antivirus বা অন্যকোনো অপ্রয়োজনীয় সফটওয়্যার ইন্সটল করা নেই। আমি এই চার বছরে কম্পিউটারে একবারও Scandisk বা ডিফ্র্যাগমেন্ট করাই নি। এখন আমার সমস্যা হলো— আমার Harddisk-এ Bad Sector পড়েছে। প্রায় ৫ গিগাবাইট জায়গা নষ্ট করে দিয়েছে। এখন প্রশ্ন হলো— Scandisk বা ডিফ্র্যাগমেন্ট না করানোর জন্যই কি এই সমস্যা হয়েছে ? Scandisk খেলা বা গান শোনা ছাড়া অন্যকোনো কাজে ব্যবহার করি না। আমার PC-এর কনফিগারেশন হলো—

AMD Duron প্রসেসর, 40 GB Maxtor HDD, 128 MB SDRAM, AGP 32 MB ASUS Riva TnT2.

কী করলে এই ব্যাড সেক্টর সম্পূর্ণ অথবা আংশিক দূর হবে তা পরিষ্কার জানাবেন। উল্লেখ্য, আমার PC এখনো বেশ ভালোই পারফরম্যান্স দেয়।

মোঃ সারোয়ার সাদেক (শিবলী)
তেজগাঁও, ঢাকা।

সমাধান

বন্ধু শিবলীর চিঠিতে খটকা লাগায় সরাসরি ফোনে যোগাযোগ করে তাকে সমাধান দেয়া হয়েছে। তবে সবার জ্ঞাতার্থে জানাচ্ছি— কম্পিউটার ব্যবহারকারী মাত্রই কিছু প্রাথমিক জ্ঞান থাকা দরকার। তাছাড়া এত শক্তিশালী ও বুদ্ধিমান যন্ত্রটিকে কেবল গান শোনা এবং গেম খেলায় ব্যবহার করাটাও কি ঠিক ?

এই বন্ধুটির ক্ষেত্রে যা হয়েছে— তিনি বড় বড় মুভি ফাইল, অডিও ফাইল এবং বড় আকারের গেম পিসিতে ব্যবহার করেছেন কিন্তু স্ক্যানডিস্ক বা ডিফ্র্যাগমেন্ট একেবারেই করেন নি। তার ফলে তার হার্ডডিস্কের আয়তন সঠিকভাবে দেখাচ্ছিল না এবং পার্টিশন সংক্রান্ত সমস্যার উদ্ভব হয়েছিল যার কারণ হিসেবে সঠিকভাবে প্রোগ্রাম বন্ধ না করা, বিদ্যুৎ বিভ্রাট প্রভৃতিকে দায়ী করা যেতে পারে। তবে তার পিসিতে ব্যাড সেক্টর একেবারে পড়ে নি।

মাঝেমাঝে স্ক্যানডিস্ক চালালে সমস্যা দেখা দিত না এ কথা বলা যায়। আর ডিফ্র্যাগমেন্ট করাটা স্ক্যানডিস্কের মতো অতটা জরুরি নয়। সাধারণত আপনার যে ড্রাইভে অনেক বেশি রিড রাইট করা হয়, (যেমন C : ড্রাইভ) তাতে ডাটা অনেক সময় ফ্র্যাগমেন্টেড করে লেখা হয়। তাই দিনে দিনে রিড/রাইট মন্থর হয়ে যায়। এক্ষেত্রে আপনার বেশি বেশি রিড ও রাইট করার ড্রাইভগুলোকে মোটামুটি প্রতিমাসে একবার ডিফ্র্যাগমেন্ট করতে পারেন। অযথা সফটওয়্যার, গেমস, গান ভিডিও ইত্যাদি রেখে বাজানোর চেয়ে মাঝেমাঝে বেছে সিডিতে রাইট করে নেয়া বুদ্ধিমানের কাজ। বিশেষ করে ইন্সটলার প্রোগ্রামসমূহ সিডিতে (ভাইরাসবিহীন কপি) রাখলে আপনার সফটওয়্যারগুলোকে ভাইরাসের ক্ষতি থেকে রক্ষা করতে পারেন।

ক্লিন ইন্সটলেশন

Win9x অর্থাৎ উইন্ডোজ ৯৫, ৯৮ বা এমই ইত্যাদির সিস্টেম ফাইলস অথবা রেজিস্ট্রি করাপ্ট হলে সাধারণত ক্লিন ইন্সটল করার দরকার পড়ে। এটি অনেকভাবে করতে পারেন তবে মূল উদ্দেশ্য একটাই— সেটি হচ্ছে সম্পূর্ণ ফ্রেশ ইন্সটলেশন পাওয়া। যদি হার্ডডিস্ককে ফরম্যাট না করতে চান তাহলে শুধু C :\windows এবং C:\program Files এ দুটো ফোল্ডারকে Delete করে আবার উইন্ডোজ ইন্সটল করতে পারেন। তবে যদি ভাইরাস আছে বলে সন্দেহ থেকে যায় তবে সম্পূর্ণ ড্রাইভ মুছে ফেলা দরকার হতে পারে এক্ষেত্রেও মনে রাখবেন ফুল ফরম্যাট অযথা বা বারবার না করাই ভালো কেননা এটি একটি ডেস্ট্রাকটিভ কাজ যা ড্রাইভের আয়ু কমিয়ে দেয়।

এখন উইন্ডোজ 9x সিডি দিয়ে পিসি বুটকরে (বায়োসে প্রথম বুট ডিভাইস সিডিরম সিলেক্ট করতে হবে), তারপর ডস প্রম্পটে এসে গেলে DIR কমান্ড দিয়ে Folderlist বা File list দেখে নিন। এক্ষেত্রে আপনাকে সিডির ড্রাইভে আগে চেঞ্জ করে নিতে হবে প্রম্পটকে। এজন্য লিখতে হবে X : ↵। এখানে x হলো সম্ভাব্য ড্রাইভ লেটার যা D, E, F, G------ Z এরকম হতে পারে। এখন ডিরেক্টরি লিস্টে Win98 বা এ জাতীয় একটি ফোল্ডারের নাম দেখবেন। CD Win98 লিখে সেই ফোল্ডারে ঢুকুন। এবার Setup লিখে এন্টার দিলেই উইন্ডোজের ইন্সটলেশন প্রক্রিয়া শুরু হয়ে যাবে।

ইন্সটলেশন শেষে প্রথমেই ম্যাকাফি বা নরটন অথবা অন্যকোনো নামকরা অ্যান্টিভাইরাস ইন্সটল করে নেবেন। সেই সাথে এর লেটেস্ট আপডেটও যুক্ত করে দিন। এবারে আপনি বিভিন্ন হার্ডওয়্যার ড্রাইভার ও প্রয়োজনীয় সফটওয়্যার ইন্সটল করে নিন। আর মনে রাখবেন অযথা অনেকগুলো সফটওয়্যার ইন্সটল করে রেখে সিস্টেমকে ভারি করে তুলবেন না। অনেককেই দেখা যায় কখনোই ব্যবহার করেন না এমন সফটওয়্যার ইন্সটল করে রাখেন। আরো খেয়াল রাখবেন তেমন প্রয়োজনীয় নয় এমন প্রোগ্রামগুলো যেন স্টার্টআপে না থাকে।

এখানে ফরম্যাট করা ছাড়াই ক্লিন ইন্সটলেশনের ব্যাপারে ধারণা দেয়া হলো। অনেকের মনে একটি ভুল ধারণা আছে যে ফরম্যাট না করলে ভাইরাস থেকে যেতে পারে। আসলে ব্যাপারটি তা নয়। আপনার বুট ড্রাইভ ছাড়াও অন্য ড্রাইভেও অনেক সময় বিভিন্ন সফটওয়্যার এবং অফিস ডকুমেন্ট থাকে (যাতে ম্যাক্রো ভাইরাস থাকতে পারে)। সুতরাং সেগুলো থেকেই পরে আবার ভাইরাস আক্রমণ করতে পারে।

তাহলে বন্ধুরা ক্লিন ইন্সটলেশন কিভাবে করা যায় তা তো জানলেন, এবার শুরু করুন নিজে নিজেই।

সমস্যা

১. CT এর আমি একজন নতুন পাঠক। একদিন এক বন্ধুর কাছ থেকে নিয়ে পড়ি। এবং ভালো লাগে। এখন নিয়মিত পড়ি। এ পত্রিকার ডক্টর টুমরো বিভাগ আমার খুব ভালো লাগছে। তাই এ বিভাগের কাছে কিছু সমস্যা সমাধানের আশায় চিঠিটি পাঠালাম। আমার PC-এর configaration–P–111. 1.2 MHz, 128MB Ram. 40GBHDD, AGp–16MB (Built in AGP16MB, Sound card & MSI Mother board). এখন আমার প্রশ্ন হলো—

ক. আমার AGP বাড়ানো যাবে কি না ? এবং গেলে তা কিভাবে ? আমি AGP 64MB বাড়াতে চাই।

খ. আমার PC তে O/S windows 98. আমি পুরো PC Password এবং ভিতরে বিভিন্ন ফাইল Pass word দিতে চাই। 98 এর O/S এর কোনো ভালো software আছে কিনা দয়া করে বিস্তারিত জানাবেন।

গ. আমার Monitor-এর সমস্যা হলো on করলে কালো-এর পরিবর্তে লাল আসে। দয়া করে সমাধান দিলে খুশি হব।

ঘ. বাংলায় ই-মেইল করার ঠিকানা জানালে উপকৃত হব।

ঙ. CT-এর পত্রিকায় নতুন নতুন রিলিজ পাওয়া ইংলিস Action ও সাইন্স ফিকশন-এর ছবির তালিকার ছোট্ট একটি বিভাগ প্রকাশ করলে খুশি হব।

ঞ. CT-এর CD সহ পত্রিকার দাম কমানো যাবে কিনা।

চ. ইন্টারনেট থেকে গেম down load করতে চাই। down load করার পদ্ধতি ও game এর web site-এর ঠিকানা জানালে খুশি হব।

এস.এম. খালিদ হোসেন
খালিশপুর, খুলনা।

সমাধান

ক. আপনার AGP বাড়ানো যাবে কি না সেটা নির্ভর করছে দুটি ব্যাপারের ওপর— এক, আপনার পিসিতে AGP-এর কোনো এক্সপানশন স্লট আছে কি না ? দুই, আপনার পিসিতে যদি স্লট থাকেও তার সাথে কম্পাটিবল মানের AGP পাওয়া যাবে কি না। বর্তমানে 8x গতির AGP পাওয়া যাচ্ছে এবং আগের গুলো আর তৈরি হচ্ছে না। সুতরাং যদি আপগ্রেড সম্ভব না হয় তবে পরামর্শ দেবো বর্তমানেরটিকেই চালিয়ে যেতে।

খ. পুরো পিসি পাসওয়ার্ড প্রোটেক্ট করার জন্য আপনি বায়োস থেকে পাসওয়ার্ড দিতে পারেন। আর যদি অপারেটিং সিস্টেমের থেকে পাসওয়ার্ড দিতে চান তাহলে Win 2000 বা WinXP-এর পাসওয়ার্ড সিস্টেম ব্যবহার করা উচিত হবে। Win2K এবং XP-তে NTFS ফাইল সিস্টেম ব্যবহার করলে ফাইল /ফোল্ডার ইত্যাদিকে পাসওয়ার্ড প্রোটেক্টসহ এক্সেস কন্ট্রোল করা যায়। আর অনেক প্রোগ্রামও আছে যা সিডিতে আজকাল পাওয়া যায়। এরকম একটির নাম ফোল্ডার গার্ড। আপনি চাইলে কোনো ফাইল বা ফোল্ডারকে WinZip জাতীয় কম্প্রেশন প্রোগ্রাম দিয়ে কম্প্রেস করে পাসওয়ার্ড দিয়ে রাখতে পারেন (যদি ফোল্ডার গার্ড জাতীয় প্রোগ্রাম না পাওয়া যায়) তবে এক্ষেত্রে কম্প্রেশন রেশিও কম দিলে দ্রুত কাজ করবে।

গ. মনিটরের ডাটা কেবল এবং এজিপির জন্য যে কানেক্টরটি আছে সেগুলো ভালো আছে কি না এবং সংযোগে গলদ রয়েছে কি না পরীক্ষা করুন। অতপর মনিটরটি ভালো টেকনিশিয়ানকে দেখাতে পারেন।

ঘ. বাংলায় ইমেইল করার ওয়েব ঠিকানা আমরা বহুবার দিয়েছি আবারো দিলাম কয়েকটি— www.bangladigital.com, www.banglaexpress.org, www.deshmail.com, www.epatra.com। এধরনের প্রায় ৭/৮টি url রয়েছে যেখানে আপনি বাংলার মেইল করতে পারেন। গুগল-এ bangla email লিখে সার্চ করে দেখুন আপনি নিজেও অনেক নতুন এড্রেস পেয়ে যাবেন।

ঙ. আপনার পরামর্শটি চমৎকার। শীঘ্রই এর প্রতিফলন দেখবেন আশা রাখি। পাঠকের পরামর্শ সবসময়ই টুমরোকে প্রেরণা যোগায়।

চ. ইন্টারনেটে উল্লেখযোগ্য কোনো গেম ফ্রি ডাউনলোড করা যায় না। বরং আপনি ঢাকার ইস্টার্ন প্লাজা অথবা আইডিবি ভবনের অসংখ্য সিডির সম্ভার থেকে আপনার পছন্দ মিলিয়ে নিতে পারেন।

সমস্যা

আমি একজন কম্পিউটার টুমরোর ভারতীয় পাঠক। বর্তমানে দুটি সমস্যার সম্মুখীন হয়ে আপনার শরণাপন্ন হওয়া আমার সমস্যাগুলি হলো।

বাংলায় ই-মেইল করার সাইট (banglaexpress)-এর ব্যাপারে জেনে ঐ সাইটে [www.banglaexpress.org] আমার নাম রেজিস্টার করি। কিন্তু বাংলায় e-mail করার পর 'পোস্ট করণ'-এ ক্লিক করাতে মনিটরে ডিসপ্লে দেখাচ্ছে যে 'আপনার মেল সাফল্যের সঙ্গে নির্দিষ্ট ঠিকানায় পৌঁছে গেছে' অথচ যে ঠিকানায় আমি মেলটি পাঠিয়েছি, সেই e-mail বক্সে মেলটি এসে পৌঁছানোর কোনো চিহ্ন নেই, ফলে বাংলায় e-mail করার এই রকম অসাধারণ সুযোগ আমার হাতছাড়া হচ্ছে। এই রকম সমস্যা দেখা দেবার কারণ কী ? প্রতিকারের আশায় রইলাম।

(ii) বাংলাএক্সপ্রেস সাইটে (www.banglaexpress.org) রেজিস্টার করার পর যে অস্থায়ী login পাসওয়ার্ডটি পাই সেটি কি পরিবর্তন করা যাবে ? যদি যায় তবে কিভাবে যাবে ? উত্তরের আশায় রইলাম। ডক্টর টুমরো ও কম্পিউটার টুমরো দীর্ঘায়ু কামনা করে ইতি টানছি।

অর্ণব মুখার্জী
পশ্চিমবঙ্গ, ইন্ডিয়া।

সমাধান

(i) আপনি কেন সমস্যায় পড়েছেন ব্যাপারটি স্পষ্ট নয়। কেননা আমরা ওটি ব্যবহার করে দেখেছি যে ওটি কার্যকর। আপনার সমস্যা আপনি সরাসরি ওয়েবসাইট কর্তৃপক্ষের নিকট জানিয়ে দিতে পারেন এই সাইটের 'যোগাযোগ' নামক মেনু থেকে। আপনি আরো অসংখ্য বাংলায় ইমেল করার সাইটও ব্যবহার করে দেখতে পারেন যেমন— www.bangladigital.com www.deshmail.com.

(ii) হ্যাঁ সেটি পরিবর্তন করা যাবে। আপনি প্রথমে লগইন করুন আপনার অ্যাকাউন্টে অতপর 'সেটিংস' নামক মেনু থেকে পাসওয়াড পরিবর্তন করতে চাইলে তার নির্দেশনা সেখানে বাংলাতেই পাবেন।

আর একজন ভারতীয় বন্ধু হিসেবে আপনাকে জানাই এক গোছা রজনীগন্ধার শুভেচ্ছা।

সমস্যা

প্রিয় ডক্টর টুমরো, শুভেচ্ছা রইল। তোমার কাছে আমার কয়েকটি প্রশ্ন জানার রয়েছে। প্রশ্নগুলো হলো—

১. একটি নির্দিষ্ট ভিডিও গানের শব্দ পরিবর্তন করে কিভাবে অন্যশব্দ প্রয়োগ করা যায় ? বিস্তারিত জানতে চাই।

২. ১৬x DVD ROM দ্বারা কি গেম খেলা, সিডি ও ভিসিডির সব কাজ করা সম্ভব ? আমি যদি সিডিরম না কিনে ১৬x DVD ROM ও 52x CD–WRITER কিনি তাহলে কি গেম খেলা, সিডি ও ভিসিডির সব কাজ করতে পারব ?

২. Desktop-এ কোনো একটি ওয়ালপেপারে নিজের নাম কিভাবে লেখা সম্ভব ?

মোঃ গহর আশিক
পশ্চিম টুটপাড়া, খুলনা

সমাধান

১. কপিরাইটকৃত ভিডিও গানের শব্দ পরিবর্তন আইনত দণ্ডনীয়। এ্যাডোবি প্রিমিয়ার দিয়ে করা যায়। তবে তাতে আপনার মুভি ফরম্যাট, অডিও ফরম্যাট, এডিটিং ইত্যাদি সম্পর্কে বিশদ ধারণা থাকা দরকার।

২. কোনো সমস্যা হবার কথা নয়। তবে সিডিগুলো যাতে ভালো এবং দাগবিহীন হয় সেদিকে খেয়াল রাখতে হবে। কেননা খারাপ ব্র্যান্ডের সিডি ড্রাইভের আয়ু হ্রাস করে দেয়।

৩. যে-কোনো একটি ইমেজ এডিটর যেমন— mspaint, ms photo Editor অথবা Photoshop যে-কোনোটি দিয়ে আপনার ওয়াল পেপারটি ওপেন করে তারপর তাতে টেক্সট জুড়ে দিয়ে সেভ করুন। চাইলে অরিজিনাল ওয়ালপেপার ইমেজটির একটি ব্যাকআপ কপি রাখুন।

সমস্যা

১. আমি যখন কম্পিউটার অন করি তখন কম্পিউটার বুট আপ না দেখিয়ে Windows XP মেনু এসে যায়। আগে বুটআপ দেখাত। কিন্তু কিছুদিন ধরে দেখাচ্ছে না এবং আমার কম্পিউটারে Windows XP থাকার পরও Windows 2000 ইনস্টল করতে গিয়ে দেখি ইনস্টল হচ্ছে না। এই ইনস্টল না করার ঘটনাটি বুটআপ না দেখিয়ে কম্পিউটার আরম্ভ হবার পর থেকে হয়েছে। এর উপায় কী ?

২. হার্ডডিস্ক ক্লিন করব কীভাবে ?

৩. NFS7 গেমটিতে সিস্টেম রিকয়্যারমেন্ট অনুযায়ী আমার সবই রয়েছে তবুও গেমটি খেলতে সমস্যা হয় কেন ?

ক্যাডেট আবদুল্লাহ মাহমুদ
সিলেট ক্যাডেট কলেজ।

সমাধান

আপনি নিশ্চয়ই Windows XP-র পর Windows98 ইন্সটল করেছিলেন তাই Multifooting মেনু দেখাচ্ছে। আপনার C: অথবা D: ড্রাইভে boot.ini ফাইলটিতে default আর Delay অপশনদ্বয় ঠিক করে দিলেই আর এটি আসবে না। আর Windows XP-এর উপর তো Windows 2000 ইন্সটল হতে চাইবে না কেননা ২০০০, XP-এর আগের ভার্সন। XP-এর প্রয়োজন না থাকলে সেটি ফেলে দিন ?

বুটাবল সিডি দিয়ে কম্পিউটার বুট করে Windows 2000 বা XP (অথবা Win98-এর Bootable সিডি দিয়েও করা যায়) হার্ডডিস্কের যে পার্টিশন ক্লিন করতে চান তা Format করে নিতে পারেন।

NFS7 গেমটিতে অনেক ক্ষমতাসম্পন্ন Graphics Card প্রয়োজন। আপনার সেটি আছে কি না দেখে নিন।

dtommrrow@hotmail.com